অন্তর্বর্তী সরকারের বৈধতা নিয়ে রিট খারিজের বিরুদ্ধে আপিল বিভাগের শুনানি শুরু



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকার গঠন ও শপথ বিষয়ে সুপ্রিম কোর্টে পাঠানো রেফারেন্স এবং মতামতের প্রক্রিয়ার বৈধতা চ্যালেঞ্জ করে করা রিট খারিজের সিদ্ধান্তের বিরুদ্ধে দাখিল করা আপিলের অনুমতি আবেদনের শুনানি চলছে আপিল বিভাগে।

আজ বুধবার (১২ নভেম্বর) প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে সাত সদস্যের পূর্ণাঙ্গ বেঞ্চে এ শুনানি অনুষ্ঠিত হচ্ছে। আবেদনকারীর পক্ষে শুনানি করছেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী মোহাম্মদ মহসিন রশিদ।

এর আগে গত বছরের ডিসেম্বরে অন্তর্বর্তী সরকারের শপথের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন একই আইনজীবী। তবে হাইকোর্ট রায় দিয়ে রিট খারিজ করে জানায়— দেশের জনগণ সরকারকে বৈধতা দিয়েছে; তাই অন্তর্বর্তী সরকারের বৈধতা নিয়ে প্রশ্ন তোলার সুযোগ নেই। পরবর্তীতে ওই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল বিভাগের অনুমতি চেয়ে আবেদন করেন তিনি।

LENS ASIA